"ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০২২ " খসড়া

বিল নং, ... ২০২২

সুষম খাদ্য হিসাবে দুধ এবং দুগ্ধজাতীয় পণ্যের উৎপাদন বৃদ্ধি, মান নির্ধারণ ও নিয়ন্ত্রণ এবং বাজারজাতকরণ সংশ্লিষ্ট বিষয়াবলি ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের নিমিত্ত একটি বোর্ড প্রতিষ্ঠাকল্পে আনীত

বিল

যেহেতু সুষম পুষ্টিমানসম্পন্ন খাদ্য হিসাবে ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণে দুধ এবং দুগ্ধজাতীয় পণ্যের উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন;

যেহেতু দুধ এবং দুগ্ধজাতীয় পণ্য উৎপাদনে সংশ্লিষ্ট বিকাশমান খামার ও শিল্পের প্রসার ও উন্নয়ন করা প্রয়োজন; যেহেতু নিরাপদ খাদ্য হিসাবে উৎপাদিত দুধ ও দুগ্ধজাতীয় পণ্যের মান নির্ধারণ ও প্রয়োগ এবং সরবরাহ নিশ্চিত রাখা প্রয়োজন;

সেইহেতু এদ্বারা বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (ক) এই আইন বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(১) সরকার সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখ হইতে ইহা কার্যকর হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞার্থ**।-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে -

(১) 'কর্মচারী' অর্থ বোর্ডের কোনো কর্মকর্তা বা কর্মচারী;

(২) 'কো-চেয়ারম্যান' অর্থ ধারা ৮-এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের কো-চেয়ারম্যান;

(৩)'নিরাপদ খাদ্য' অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর ২(১৭) ধারায় উল্লিখিত 'নিরাপদ খাদ্য';

(৪) 'চেয়ারম্যান' অর্থ ধারা ৬-এর অধীন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান;

(৫)'ডেইরি' অর্থ গবাদিপশু অর্থাৎ গরু, মহিষ, ছাগল ও ভেড়া হইতে আহরিত দুধ এবং দুধ প্রক্রিয়াকরণের মাধ্যমে তৈরি দুগ্ধজাত পণ্য, যাহা নিরাপদ খাদ্য হইবে এবং ইহার উৎপাদন, সংরক্ষণ ও ব্যবস্থাপনাকে বুঝাইবে;

(৬) 'দুগ্ধ বা দুধ' অর্থ গবাদিপশু হইতে আহরিত দুধ;

(৭) 'দুগ্ধজাত পণ্য' অর্থ সম্পূর্ণ বা আংশিক দুধ দ্বারা প্রস্তুতকৃত বা প্রক্রিয়াজাত নিরাপদ খাদ্য যাহা বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে;

মোঃ হামিদুর রহমান
যুগ্মসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(৮) 'নির্বাহী পরিচালক' অর্থ ধারা ১১-এর অধীন নিযুক্ত বোর্ডের নির্বাহী পরিচালক;

(৯) 'নির্ধারিত' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(১০) 'পরিচালক' অর্থ বোর্ডের পরিচালক;

(১১) 'পরিচালনা পর্ষদ' অর্থ ধারা ৭-এর অধীন গঠিত বোর্ডের পরিচালনা পর্ষদ;

(১২) 'প্রবিধানমালা' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধানমালা;

(১৩) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৪) 'ব্যক্তি' অর্থ যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৫) 'বোর্ড' অর্থ ধারা ৪-এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড;

(১৬) 'ভাইস-চেয়ারম্যান' অর্থ ধারা ৭-এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান;

(১৭) 'সদস্য' অর্থ ধারা ৭-এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের সদস্য।

৩। **আইনের প্রাধান্য**।- আপাতত বলবৎ অন্য কোন আইন বা বিধিমালায় যাহা কিছুই থাকুক না বোর্ড স্থাপন, ব্যবস্থাপনা এবং উহার কার্যাবলি বাস্তবায়ন বিষয়ে বা এই আইনের কোন বিধান কার্যকরকরণে এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। **বোর্ড গঠন**।-(১) এই আইন প্রবর্তনের পর, সরকার উহার উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ড ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৫। **প্রধান কার্যালয় ইত্যাদি**।- (১) বোর্ডের প্রধান কার্যালয় সরকার কর্তৃক নিধারিত স্থানে হইবে।

(২) বোর্ড, প্রয়োজনবোধে সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের যেকোনো স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৬। **পরিচালনা ও প্রশাসন**।- বোর্ডের পরিচালনা ও প্রশাসন পরিচালনা পর্ষদের অধীন ন্যস্ত থাকিবে এবং বোর্ড যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে, পরিচালনা পর্ষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৭। **পরিচালনা পর্ষদ**।-(১) বোর্ডের একটি পরিচালনা পর্ষদ থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :

(ক) মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, যিনি পরিচালনা পর্ষদের চেয়ারম্যানও হইবেন;

মোঃ হামিদুর রহমান
যুগ্মসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যদি থাকেন, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, যিনি পরিচালনা পর্ষদের কো-চেয়ারম্যানও হইবেন;

(গ) জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত ১ (এক) জন সংসদ-সদস্য;

(ঘ) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, যিনি পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (পদাধিকার বলে);

(চ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত ১ (এক) জন যুগ্মসচিব;

(ছ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত ১ (এক) জন যুগ্মসচিব;

(জ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ১ (এক) জন যুগ্মসচিব;

(ঝ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ১ (এক) জন যুগ্মসচিব; যুগ্মসচিব

(ঞ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত ১ (এক) জন যুগ্মসচিব;

(ট) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর (পদাধিকারবলে);

(ঠ) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (পদাধিকারবলে);

(ড) সরকার কর্তৃক মনোনীত সরকার স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয়ের ডেইরি বিজ্ঞান বিভাগের ১ (এক) জন অধ্যাপক;

(ঢ) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(ণ) সরকার কর্তৃক নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির একজন করিয়া মোট দুইজন মনোনীত সদস্য, যাহার মধ্যে একজন মহিলা হইবেন;

(ত) সরকার কর্তৃক মনোনীত গবাদিপশু পালনকারী, বাণিজ্যিকভাবে দুধ উৎপাদনকারী ও দুগ্ধজাত খাদ্যের ব্যবসায়ীগণের মধ্য হইতে সর্বমোট দুইজন প্রতিনিধি যাহার মধ্যে অন্যূন একজন মহিলা প্রতিনিধি থাকিবেন, তবে কোনো গ্রুপ হইতে একাধিক সদস্য মনোনয়ন দেওয়া যাইবে না।

(২) উপধারা (১)-এর দফা (ড), (ণ) এবং (ত) -এর অধীন মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন:

(৩) উপধারা (১) অনুযায়ী গঠিত বোর্ডের কোনো সদস্য লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে চেয়ারম্যান-এর নিকট স্বীয় পদ হইতে পদত্যাগ করিতে পারিবেন ।

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোনো পদত্যাগ কার্যকর হইবে না।

৮। **সদস্যগণের অযোগ্যতা ও অপসারণ**।- (১) কোনো ব্যক্তি পরিচালনা পর্ষদের সদস্য হইবার যোগ্য হইবেন না বা সদস্য থাকিতে পারিবেন না, যদি তিনি-

(ক) কোনো সময় সরকারি চাকরির জন্য অযোগ্য বা সরকারি চাকরি হইতে বরখাস্ত হন; অথবা

(খ) নৈতিকতা স্খলনজনিত অপরাধে কোনো উপযুক্ত আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হন; অথবা

(গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; অথবা

(ঘ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন; অথবা

মোঃ হামিদুর রহমান
যুগ্মসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার